

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

७. ১. २৯. ७. न्यायविष्ठात वनाम व्यविष्ठात

যিরমিয় ৯/২৪: "আমি সদাপ্রভু পৃথিবীতে দয়া, বিচার ও ধার্মিকতার অনুষ্ঠান করি।" বাইবেলীয় ঈশ্বর কিরূপ দয়া চর্চা করেন তা পাঠক জানতে পেরেছেন। বাইবেলের বর্ণনায় তিনি বিচারেও ভয়ঙ্কর পক্ষপাতিত্ব করেন বলে আমরা দেখেছি। বনি-ইসরাইলের পক্ষে ফিলিন্তিনিদের ও মিসরীয়দের বিরুদ্ধে তাঁর ভয়ঙ্কর পক্ষপাতিত্বের বিবরণ বাইবেল উল্লেখ করেছে। অপরাধী ও নিরপরাধ নির্বিশেষে শান্তি প্রদান এ জাতীয় অবিচার। যেমন ঈশ্বর বলছেন: "তুমি ইসরাইল-দেশকে বল, মাবুদ এই কথা বলেন, দেখ, আমি তোমার বিপক্ষ; আমি কোষ থেকে আমার তলোয়ার বের করে তোমার মধ্য থেকে ধার্মিক ও দুষ্ট উভয়কে (the righteous and the wicked) মুছে ফেলব। আমি যখন তোমার মধ্য থেকে ধার্মিক ও দুষ্ট লোককে মুছে ফেলব, তখন আমার তলোয়ার কোষ থেকে বের হয়ে দক্ষিণ থেকে উত্তর পর্যন্ত সমন্ত প্রাণীর বিরুদ্ধে যাবে।" (ইহিস্কেল/ যিহিষ্কেল ২১/৩-৪)

দুষ্টলোককে হত্যা করা ন্যায়বিচার বলে গণ্য হতে পারে, তবে ধার্মিক মানুষকে এবং সকল প্রাণিকে হত্যা, বিনষ্ট বা উচ্ছিন্ন করা কোন্ প্রকারের ন্যায়বিচার?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14302

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন